



জেলা পরিষদ কার্যালয়
মাদারীপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং জেপমা-৩৪-৩/২০২২/৪২ (১৭)

তারিখ:


০৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

“কম্পিউটার/সেলাই/ড্রাইভিং প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলা পরিষদের আওতায় দারিদ্র নিরসন ও নারী উন্নয়ন প্রকল্পের অধীনে বেকার যুবক/যুব মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিনামূল্যে “কম্পিউটার/সেলাই/ড্রাইভিং প্রশিক্ষণ” দেয়া হবে। প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী প্রার্থীদেরকে জেলা পরিষদের নির্ধারিত ফরমে ১০/০৩/২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

শর্তাবলী :-


১. আবেদন ফরম মাদারীপুর জেলা পরিষদ, উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসার, সদর/শিবচর/কালকিনি/রাজের উপজেলা কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।
২. মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।
৩. কম্পিউটার প্রশিক্ষণার্থীদের ন্যূনতম এইচ. এস. সি পাশ থাকতে হবে।
৪. সেলাই প্রশিক্ষণার্থীদের ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ থাকতে হবে।
৫. ড্রাইভিং প্রশিক্ষণার্থীদের ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ থাকতে হবে।
৬. প্রশিক্ষণার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
৭. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
৮. সেলাই এবং ড্রাইভিং প্রশিক্ষণার্থীদের জন্য বিশেষ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
৯. কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


(শ্রীনিবাস দেবনাথ)
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল :

১. পরিচালক (যুগ্মসচিব), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
২. জেলা প্রশাসক, মাদারীপুর।
৩. পুলিশ সুপার, মাদারীপুর।
৪. সিভিল সার্জন, মাদারীপুর।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর/রাজের/শিবচর/কালকিনি, মাদারীপুর।
৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, মাদারীপুর
৭. উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/রাজের/শিবচর/কালকিনি, মাদারীপুর।
৮. সম্পাদক,.....

- বিজ্ঞাপনটি অবিলম্বে পত্রিকার ভিতরের পাতায় ৩/৪”
কলামে একবার প্রকাশের জন্য অনুরোধ করা হল।


(শ্রীনিবাস দেবনাথ)
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, মাদারীপুর।